তারিখ: 16 JUN 2016
পৃষ্ঠা: ১৪ কলাম: ২

যুগান্তর

# একাদশে ভর্তি আবেদনের ফল প্রকাশ আজ

যুগান্তর রিপোর্ট

কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির আবেদনের ফল প্রকাশ করা হবে আজ। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) তত্ত্বাবধানে আবেদন গ্রহণ শেষে এই ফল প্রণয়ন করা হয়েছে। শিক্ষার্থীরা যেসব কলেজে ভর্তির আবেদন করেছে, সেসব কলেজ থেকেই ফল জানতে পারবে। এছাড়া তাদের মোবাইল ফোনে একটি পিন নম্বর পাঠানো হবে। ওই পিন নম্বর নিয়ে তারা পছন্দের কলেজে ভর্তি হতে যাবে। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান বুধবার রাত ৯টার দিকে জানান, 'আমরা কাল (আজ) দুপুরের আগে ফল প্রকাশ করব। এ লক্ষ্যে কাজ চলছে। তবে কখন ফল প্রকাশ করা হবে, সে সময় এখনও নির্ধারণ করা হয়নি।'

জানা গেছে, এবার ৪ হাজারের কিছু বেশি কলেজ ও মাদ্রাসায় ভর্তির আবেদন নেয়া হয়েছে। গত ১০ জুন বিকাল ৩টা পর্যন্ত ১৩ লাখ ১ হাজার ৯৯ শিক্ষার্থী অনলাইন ও এসএমএসে আবেদন করেছে।

ঢাকা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন যুগান্তরকে বলেন, এবার পর্যাপ্ত আসন আছে। কোনো শিক্ষার্থী ভর্তি বঞ্চিত হবে না।